শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯৯৬৬৯৫৩২৩, ফ্যাক্স-০২-৯৯৬৬৯৫৩১৬, ৯৯৬৬৯৫৩৩৩, পিএবিএক্স: ৯৯৬৬৯৫৩১০-১৪

BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY

GAZIPUR-1706, BANGLADESH. TELEPHONE-(02) 996695323, FAX-880-02-996695316, 996695333, PABX- 996695310-14, WEB-www.bsmrau.edu.bd

স্মারক নং- বশেমুরকৃবি/প্র:/ই-০৫/২০২১/১৪৫১ তারিখ: ৩০/০৬/২০২২

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত কর্মচারী পদসমূহ পূরণের জন্য প্রাপ্তবয়স্ক প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদের নাম ও বেতনক্রম	বিভাগ/শাখার নাম ও পদসংখ্যা
১.	ড্রাইভার (৳ ৯৭০০-২৩৪৯০)	যানবাহন শাখা-১
২.	কুক (৳ ৯৩০০-২২৪৯০)	ছাত্র-ছাত্রী হলসমূহ-২;
৩.	টিলার ড্রাইভার (৳ ৯৩০০-২২৪৯০)	খামার শাখা-১
৪.	স্পেসিম্যান কালেক্টর (৳ ৯৩০০-২২৪৯০)	ফসল উদ্ভিদবিদ্যা বিভাগ-১
৫.	ড্রেসার (৳ ৮৫০০-২০৫৭০)	ভেটেরিনারি টিচিং হাসপাতাল-১

উপরোল্লিখিত পদসমূহের জন্য আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: **৩১/০৭/২০২২** বিকাল ৫ ঘটিকা

আবেদনের নির্ধারিত ফরম (Prescribed Form), নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (bsmrau.edu.bd) হতে ডাউনলোড করা যাবে। উল্লেখ্য যে, ২৩/০৮/২০২১ তারিখের বশেমুরকৃবি/প্র:/ই-০৫/২০২১/৩৫৩৫ এবং ১০/০১/২০২২ তারিখের বশেমুরকৃবি/প্র:/ই-০৫/২০২২/৫৯ সংখ্যক স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যারা উপরোক্ত পদসমূহে ইতিপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করতে হবে না।

৩০/০৬/২০২২
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার

৩০/০৬/২০২২ তারিখের বশেমুরকৃবি/প্র:/ই-০৫/২০২১/১৪৫১ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য ও শর্তাবলী এবং বর্ণিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

বশেমুরকৃবি ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে ১ (এক) টি আবেদনপত্র রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর বরাবর A^4 সাইজের কাগজে দাখিল করতে হবে।

১. আবেদনপত্রের সাথে- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) নম্বরপত্র; ৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৪) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; ৫) জাতীয় পরিচয়পত্র; ৬) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র (যদি থাকে) তবে, প্রতিটি পদের নিয়োগপত্র ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে); ৭) সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সরকার অনুমোদিত বা স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদির সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে A^4 সাইজের কাগজে সংযোজন করতে হবে।

২. প্রার্থীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি সত্যায়িতকরতঃ এবং স্ট্যাম্প সাইজের ১(এক) কপি ছবি (সত্যায়ন ছাড়া) মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করতে হবে। পাসপোর্ট সাইজের ছবির পিছনে প্রার্থীর নাম এবং পদের নাম লিখতে হবে।

৩. প্রার্থীকে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট (অফেরতযোগ্য) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর শাখার উপর দাখিল করতে হবে। ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৪. খামের উপর অবশ্যই পদের নাম ও প্রেরকের ঠিকানা উল্লেখ করতে হবে। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫. নির্ধারিত ফরম ব্যতীত এবং অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত তারিখ ও সময় (৩১/০৭/২০২২ বিকাল ৫ ঘটিকা) এর পর হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/অন্য কোন মাধ্যমে আসা আবেদনপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে, ০৫/০৭/২০২২ হতে ১৬/০৭/২০২২ তারিখ পর্যন্ত ঈদুল আযহা উপলক্ষে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে।

৬. প্রযোজ্য ক্ষেত্রে সরকারি নিয়ম অনুযায়ী বিভিন্ন কোটা অনুসরণ করা হবে। তবে কোটার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা অনধিক ৩২ বছর।

৭. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং/অথবা সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। এজন্য কোন ভ্রমণ বা অবস্থান ভাতা দেয়া হবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান ই-মেইল ঠিকানায় পত্র মারফত/সংশ্লিষ্ট প্রার্থীর বর্তমান ঠিকানায় ডাকযোগে অথবা মোবাইল নম্বরে এসএমএস (SMS) মারফত জানানো হবে।

৮. নিয়োগপ্রাপ্তদের বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করতে হবে।

৯. এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।

১০. “অভিজ্ঞতা” বলতে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকাল-কে বুঝাবে।

বিজ্ঞাপিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)

নং	পদের নাম ও বেতনক্রম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)
১.	ড্রাইভার ৳ ৯৭০০-২৩৪৯০/-	ক) JSC/অষ্টম/সমমানের পাশসহ হেভী ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে; খ) জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এর নিচের জিপিএ/তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়; গ) বয়সসীমা অনধিক ৩০ বছর; ঘ) বাইসাইকেল চালনায় পারদর্শিতা অগ্রাধিকারযোগ্য। উল্লেখ্য যে, হেভী ড্রাইভিং লাইসেন্সধারী যোগ্য প্রার্থী পাওয়া না গেলে মিডিয়াম ড্রাইভিং লাইসেন্সধারী প্রার্থীর আবেদন বিবেচনা করা হবে। **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ বছরের বাস্তব জ্ঞান থাকতে হবে।
২.	কুক ৳ ৯৩০০-২২৪৯০/-	ক) SSC/সমমানের পরীক্ষায় জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) অথবা নম্বর পদ্ধতিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ; খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে দেশী ও বিদেশী রান্নার কাজে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে; গ) বয়সসীমা অনধিক ৩০ বছর; ঘ) বাইসাইকেল চালনায় পারদর্শিতা অগ্রাধিকারযোগ্য।
৩.	টিলার ড্রাইভার ৳ ৯৩০০-২২৪৯০/-	ক) SSC/সমমানের পরীক্ষায় জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) অথবা ২য় বিভাগ; খ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন ও মধ্যম ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে; গ) বয়সসীমা অনধিক ৩০ বছর; ঘ) বাইসাইকেল চালনায় পারদর্শিতা অগ্রাধিকারযোগ্য।
৪.	স্পেসিম্যান কালেক্টর ৳ ৯৩০০-২২৪৯০/-	ক) বিজ্ঞান বিষয়ে SSC ও HSC/সমমানের পরীক্ষায় জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) অথবা ২য় বিভাগ; খ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে; গ) বয়সসীমা অনধিক ৩০ বছর; ঘ) বাইসাইকেল চালনায় পারদর্শিতা অগ্রাধিকারযোগ্য।
৫.	ড্রেসার (ভেটেরিনারি টিচিং হসপিটাল) ৳ ৮৫০০-২০৫৭০/-	ক) বিজ্ঞান বিষয়ে SSC ও HSC/সমমানের পরীক্ষায় জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমকি আট শূন্য) অথবা নম্বর পদ্ধতিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ; খ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন ও কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ভেটেরিনারি ড্রেসিং বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে; গ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে; ঘ) বয়সসীমা অনধিক ৩০ বছর।

৩০/০৬/২০২২
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার